

2024

BENGALI

(MODERN INDIAN LANGUAGE)

Full Marks : 100

Pass Marks : 30

Time : Three hours

The figures in the margin indicate full marks for the questions.

Q. No. 1 carries 1 mark each	1 + 1 =	2
Q. No. 2 carries 1 mark each	1 × 10 =	10
Q. No. 3 carries 2 marks each	2 + 2 =	4
Q. No. 4 carries 3 marks each	3 + 3 =	6
Q. No. 5 carries 3 marks each	3 × 4 =	12
Q. No. 6 carries 3 marks each	3 × 3 =	9
Q. No. 7 (ক+খ) carries 4 marks each	4 + 4 =	8
Q. No. 8 (ক+খ) carries 9 marks	4 + 5 =	9
Q. No. 9 (ক+খ) carries 10 marks	5 + 5 =	10
Q. No. 10 carries the following marks		
(ক)	1 × 4 =	4
(খ)	2 × 4 =	8
(গ)	2 × 3 =	6
(ঘ)	1 × 2 =	2
Q. No. 11 carries 10 marks	10 × 1 =	10
	<u>Total =</u>	100

১। অর্থ লেখো :

১+১=২

(ক) শকট অথবা মধুকর

(খ) মফস্বল অথবা খদ্যোত

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো দশটি)

১×১০=১০

(ক) সৈঁউতি বলতে কী বোঝো ?

(খ) গোবিন্দ দাসের আদি পদবী কী ছিল ?

(গ) 'খরা' কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত ?

(ঘ) গণেশ কত ঘণ্টা খাওয়া-দাওয়া বন্ধ করে রেখেছিল ?

(ঙ) নন্দীপুর ইন্স্কুলের মাস্টারের নাম কী ?

(চ) 'মিলে সবে ভারত সন্তান' সংগীতটি কে রচনা করেছিলেন ?

(ছ) 'মোর জীবন সোঁরগ' গ্রন্থটির অনুবাদক কে ?

(জ) গ্যালভানি কোন্ দেশের নাগরিক ছিলেন ?

(ঝ) পাত্র গোলাব লালের পদবী কী ছিল ?

(ঞ) মহাশ্বেতা দেবীর পিতার নাম কী ?

(ট) 'গস্তীরা' বাংলার কোন্ অঞ্চলে প্রচলিত ?

(ঠ) মাইকেল মধুসূদনের একটি বিখ্যাত কাব্যের নাম করো।

(ড) মনোবিজ্ঞান বলতে কী বোঝো ?

(ঢ) শিক্ষার অন্যতম উদ্দেশ্য কী ?

৩। সংক্ষেপে লেখো :

২+২=৪

(ক) উচ্ছ্বের গ্রামে ভাতের অভাবের কারণ কী ছিল ?

অথবা

'রন্ন হলো মা নকী'—কার উক্তি ? 'রন্ন' ও 'নকী' বলতে কী বোঝো ?

(খ) পাঁচুর অসংলগ্ন কথার দুটি উদাহরণ দাও।

অথবা

'ভয়ঙ্কর ও অবিশ্বাস্য' কথাটি কী ? কে কাকে বলেছিল ?

৪। টীকা লেখো :

৩+৩=৬

(ক) জগদীশ বসু অথবা হিন্দুমেনা

(খ) দ্বীটি অথবা প্রিয়ংবদা দেবী

৫। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৩×৪=১২

(ক) হীরুদত্ত গ্রামের লোকেদের কাছে কী প্রতিজ্ঞা করেছিলেন, এবং সেই প্রতিজ্ঞানুসারে কী করেছিলেন ?

(খ) গণেশ তার পালক গিন্নির বিভিন্ন কাজে কীভাবে সাহায্য করত তার বর্ণনা দাও।

(গ) 'ফুলের বিবাহ' প্রবন্ধে মৌমাছিয়া কিসের বায়না নিয়েছিল এবং কেন সে কাজ করতে পারেনি ?

(ঘ) শিবসাগরকে শেষ পর্যন্ত লেখকের পছন্দ হয়েছিল কেন ?

(ঙ) বিজ্ঞানী লিলিয়েনথাল কোন্ দেশে কোন্ বিদ্যা আয়ত্ত করতে উৎসাহী ছিলেন ? তাঁর বৈজ্ঞানিক পরীক্ষা-নিরীক্ষার ফল কী হয়েছিল ?

(চ) স্বাদেশিক সভার সদস্যরা তাঁদের আয়ের কত অংশ এই সভায় দান করতেন এবং কেন ?

৬। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩×৩=৯

(ক) “কোন গুণ নাহি তার কপালে আগুন”

—কে কার সম্পর্কে এ কথা বলেছেন? মন্তব্যটির প্রকৃত অর্থ কী?

(খ) “গাগরি বারি ঢারি করু পীছল চলতহি অঙ্গুলি চাপি”

—চরণটি সরল বাংলায় বুঝিয়ে দাও।

(গ) “শিখাও আমায়

সে পুণ্য রহস্যমন্ত্র—মার মহিমায়”

—নিহিতার্থ ব্যাখ্যা করো।

(ঘ) “এইখানে শেষ নয় এই সবে শুরু”

—উক্তিটির মাধ্যমে বক্তা কি বোঝাতে চেয়েছেন বিশ্লেষণ করো।

(ঙ) ‘পূব-পশ্চিম’ কবিতার পূর্ব ও পশ্চিমের অভিন্নতাসূচক যে-কোনো তিনটি প্রসঙ্গের উল্লেখ করো।

৭। উত্তর দাও :

৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা কি তোমার আবশ্যিক বলে মনে হয়? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

অথবা

যে-কোনো দুটি মূল্যবোধ সম্পর্কে বিস্তারিত লেখো।

(খ) আত্মনির্ভরশীলতা, আত্মসম্মানবোধ ও নিজস্বতার সংঘাত কৈশোরকালের অন্যতম বৈশিষ্ট্য—আলোচনা করো।

অথবা

জীবনের কোন্ সময়কে কৈশোর কাল বলা হয়? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলো বর্ণনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো :

৪+৫=৯

(ক) একের অসম্মান

“নিখিল মানব-জাতির লজ্জা-সকলের অসম্মান”

অথবা

“দিলেম যা রাজভিখারিরে স্বর্ণ হয়ে এলো ফিরে—

তখন কাঁদি চোখের জলে দুটি নয়ন ভরে,

তোমায় কেন দিইনি আমার সকল শূন্য করে?”

(খ) “দ্বার আমাদের রুদ্ধ, ঘর আমাদের অন্ধকার, দীক্ষা আমাদের ঝকমন্ডে কথা আমাদের চুপি চুপি—ইহাতেই সকলের রোমহর্ষণ হইত, আর বেশি কিছুই প্রয়োজন ছিল না।”

অথবা

“একেবারে সনইকোয়েল—পুত্রতুল্য। তাঁর ছেলেরাও আজও আমায় বোজে দাদা বলতে ইগ্নোরেন্ট—অজ্ঞান।”

৯। নিচের প্রশ্নগুলোর উত্তর দাও :

৫+৫=১০

(ক) ‘বঙ্গভাষা’ কবিতায় কবির আত্ম-অনুশোচনার কারণ নির্দেশ করো।

অথবা

‘অভিসারের পূর্বপ্রস্তুতি’ পদটির সারমর্ম তৈরি করো।

(খ) “নিয়তি অমোঘ তার কাছে মানুষ অসহায়”

—‘দিবসের শেষে’ গল্প অবলম্বনে বাক্যটির সত্যতা নিরূপণ করো।

অথবা

‘আমার জীবনস্মৃতি’ রচনাটিতে উজান অসমের সৌন্দর্যের যে বর্ণনা রয়েছে তা লিপিবদ্ধ করো।

১০। নির্দেশানুসারে উত্তর দাও :

(ক) নিচের যে-কোনো চারটি প্রবাদ প্রবচনের অর্থ লেখো : $১ \times ৪ = ৪$

গঙ্গা জলে গঙ্গা পূজা; ছাই ফেলতে ভাঙ্গা কুলো; উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে; অতি দর্পে হত লক্ষা; নাচতে না জানলে উঠোন বাঁকা; শূন্য কলসির শব্দ বেশি

(খ) নিচের যে-কোনো চারটি বাগ্‌বিধির অর্থ ও বাক্যরচনা করো : $২ \times ৪ = ৮$

তালপাতার সেপাই; গোবর গণেশ; পুকুর চুরি; অকাল কুত্মাণ্ড; হ-য-ব-র-ল; ইঁচড়ে পাকা

(গ) নিচের যে-কোনো তিনটির ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : $২ \times ৩ = ৬$

গুরুশিষ্য; ঘরজামাই; শরণাগত; দুর্ভিক্ষ চৌরাস্তা; নীলকণ্ঠ

(ঘ) নিচের যে-কোনো দুটি শব্দের প্রতিশব্দ লেখো : $১ + ১ = ২$

অতল; চাঁদ; জগৎ; সাগর

১১। যে-কোনো একটি বিষয়ে রচনা লেখো :

১০

(ক) পরিবেশ দূষণ ও তার প্রতিকার

(খ) প্রযুক্তিবিদ্যা ও আধুনিক জীবন

(গ) যুবসমাজ ও অপসংস্কৃতি

(ঘ) অসমের পর্যটন শিল্প

— x —